## Bilateral Meeting between Prime Minister and the Prime Minister of UK on the sidelines of COP26 in Glasgow

November 01, 2021

## গ্লাসগোতে সিওপি২৬ এর ফাকে বৃটিশ প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর দ্বিপাক্ষিক বৈঠক

নভেম্বন 01, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পয়লা নভেম্বর গ্লাসগোতে সিওপি ২৬ বিশ্ব নেতৃবৃন্দের শীর্ষ সম্মেলনের ফাঁকে বৃটিশ প্রধানমন্ত্রী মিঃ বরিস জনসনের সঙ্গে বৈঠক করেছেন।

জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলি কমালো এবং তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে র উদ্দেশ্যে সফলভাবে সিওপি২৬ আয়োজনে মিঃ জনসনের নেতৃত্বদানের জন্য প্রধানমন্ত্রী তাঁকে অভিনন্দন জানিয়েছেন। জলবায়ু পরিবর্তন প্রতিরোধে আর্থিক সাহায্যের ব্যবস্থাপনা , প্রযুক্তি উদ্ভাবন, পরিবেশবান্ধব হাইড্রোজেনের ব্যবহার , আন্তর্জাতিক সৌর জোট ও সিডিআরআই–এর মত যৌথ উদ্যোগে পূনর্নবীকরণযোগ্য জ্বালানীর ব্যবহারের মত বিষয়ে বৃটেনের সঙ্গে একযোগে কাজ করার বিষয়ে ভারতের অঙ্গীকারের কথা তিনি পুনর্ব্যক্ত করেন।

ব্যবসা বাণিজ্য, অর্থনীতি, মানুষের মধ্যে যোগাযোগ, স্বাস্থ্য, প্রতিরক্ষা ও নিরাপত্তার মত বিভিন্ন বিষয়ে ২০৩০ সালের মধ্যে যে রোডম্যাপ বাস্তবায়িত করার পরিকল্পনা করা হয়েছিল, দুই নেতা সেটির পর্যালোচনা করেন। মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা শুরু করার জন্য যে সব উদ্যোগ নেওয়া হয়েছে তার জন্য বর্ধিত বাণিজ্যিক অংশিদারিত্বর বিষয়ে তাঁরা সন্তোষ প্রকাশ করেন।

উভয় নেতা আফগানিস্তান, সন্ত্রাসবাদ মোকাবিলা, ভারত–প্রশান্ত মহাসাগর অঞ্চল, সরবরাহ শৃঙ্খলকে শক্তিশালী করা ও কোভিড পরবর্তী সময়ে আন্তর্জাতিক অর্থনীতির পুনরুদ্ধার সহ আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা সমস্যা নিয়ে আলোচনা করেছেন।

শ্রী মোদী জানান, তিনি মিঃ জনসনকে ভারতে স্বাগত জানানোর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করে আছেন।

গ্লাসগো নভেম্বর 01, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.